



জিয়াউর রহমান-খালেদা জিয়ার কবর জিয়ারতে প্রধানমন্ত্রী



মা-বাবার কবর জিয়ারত করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

সাবেক রাষ্ট্রপতি ও জিয়াউর রহমান এবং সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার কবর জিয়ারত করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। শনিবার (২১ মার্চ) ঈদুল ফিতর উপলক্ষে রাজধানীর শেরেবাংলা নগরের জিয়া উদ্যানে বাবা-মায়ের কবরে ফাতেহা পাঠ, দোয়া ও মোনাজাতে অংশ নেন তিনি। এ সময় বিএনপির শীর্ষ নেতারাও উপস্থিত ছিলেন।

এর আগে সকালে জাতীয় ঈদগাহ ময়দানে ঈদের নামাজ আদায় করেন প্রধানমন্ত্রী। পরে রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায়ে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের সঙ্গে ঈদের শুভেচ্ছা বিনিময় করেন। শুভেচ্ছা বিনিময় শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে দেশবাসীকে ঈদুল ফিতরের শুভেচ্ছা জানান তিনি। প্রধানমন্ত্রী বলেন, বহু বছর পর দেশের মাটিতে ঈদ উদযাপনের সুযোগ পাওয়ায় মহান আল্লাহর কাছে কৃতজ্ঞ। তিনি আশা প্রকাশ করেন, যেভাবে মানুষ শান্তিপূর্ণভাবে ঈদ পালন করেছে, ভবিষ্যতেও যেন একই পরিবেশ বজায় থাকে।

তিনি আরও বলেন, জনগণের সহযোগিতা অব্যাহত থাকলে নির্বাচিত সরকার মানুষের প্রত্যাশা পূরণে সর্বশক্তি নিয়োগ করবে। দলমত নির্বিশেষে সবার কল্যাণ কামনাও করেন তিনি। এ সময় '৭১-এর মুক্তিযুদ্ধের বীর শহিদ ও '২৪-এর ছাত্র-জনতার আন্দোলনে নিহতদের গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন প্রধানমন্ত্রী।